



Department of  
Education

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসে শিক্ষার্থীদের  
জন্য স্বাস্থ্য পরিষেবা ও ধারা 504  
এর আওতায় বিশেষ সুবিধা সংক্রান্ত নির্দেশনা  
স্কুল বর্ষ 2018-2019

**সকল পিতামাতা ও স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসকের প্রতি:**

NYC শিক্ষা বিভাগ (DOE) এবং অফিস অব স্কুল হেলথ (OSH) বিশেষ চাহিদা সম্পন্ন সকল শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করার জন্য একযোগে কাজ করে। এই পরিষেবা শিক্ষার্থীদের স্কুলে সম্পূর্ণরূপে অংশগ্রহণ করার সুযোগ প্রদান করে। আপনার সন্তানের যদি স্বাস্থ্যসেবা ও পুনর্বাসন আইনের ধারা 504 এর আওতায় বিশেষ সুবিধার প্রয়োজন হয়, এই প্যাকেটের ফরম(গুলি) পূরণ করুন। প্রত্যেক স্কুল বর্ষে পরিষেবা প্রদানের জন্য NYC শিক্ষা বিভাগের একটি নতুন অনুমোদনের প্রয়োজন হয়। **নতুন স্কুল বর্ষে অনুমোদনের জন্য সকল পূরণকৃত ফরম 15 জুলাইয়ের মধ্যে স্কুল নার্সের কাছে পাঠান। এটি নিশ্চিত করে যে আপনার সন্তান নতুন স্কুল বর্ষের শুরুতে অনুমোদিত পরিষেবা গ্রহণ করবে; এই তারিখের পরে পাঠানো ফরমের প্রক্রিয়াকরণে দেরি হতে পারে।**

**তিন ধরনের স্বাস্থ্যসেবা ও বিশেষ সুবিধার ফরম রয়েছে:**

1. **ঔষধ দেওয়া সংক্রান্ত ফরম (MAF)** – স্কুলে ঔষধ বা চিকিৎসা গ্রহণের জন্য এই ফরমগুলি পূরণ করুন।
  - চারটি পৃথক MAF রয়েছে: হাঁপানি; অ্যালার্জি; ডায়াবেটিস এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যা।
2. **চিকিৎসাগতভাবে নির্দেশিত চিকিৎসা (নন-মেডিকেশন) ফরম** – স্কুলে টিউব ফিডিং ক্যাথেরাইজেশন, সাংশনিং ইত্যাদির মতো বিশেষ পদ্ধতির জন্য অনুরোধ করতে এই ফরমটি পূরণ করুন। সকল দক্ষ নার্সিং চিকিৎসার জন্য এই ফরমটি ব্যবহার করা যেতে পারে।
3. **ধারা 504 বিশেষ সুবিধার জন্য আবেদন** – বিশেষ সেবা যেমন বাধামুক্ত ভবন, লিফটের ব্যবহার, পরীক্ষণ ব্যবস্থা পরিবর্তন ইত্যাদির অনুরোধ করার জন্য এই ফরমটি পূরণ করুন।
  - অনুষ্ठी পরিষেবা যেমন অকুপেশনার থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি, কাউন্সেলিং ইত্যাদি সম্পর্কিত পরিষেবার জন্য এই ফরমটি ব্যবহার করবেন না। অনুষ্ठी পরিষেবাগুলি একটি বিশেষায়িত শিক্ষা প্রোগ্রাম (IEP) এর মাধ্যমে দেওয়া উচিত।

**স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসক:**

এই ফরমগুলি পূরণের সময় অনুগ্রহ করে এই নির্দেশনাগুলি অনুসরণ করুন:

- আপনার রোগীকে একাধিক স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসকের দ্বারা চিকিৎসা করা হতে পারে। এই ফরম পূরণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসককে যে রোগের জন্য পরিষেবার অনুরোধ করা হয়েছে সে রোগের চিকিৎসাকারী হতে হবে।
- ফরমগুলি পূরণ করার সময় অনুগ্রহ করে নিম্নোক্ত নির্দেশনাগুলি অনুসরণ করুন: ফরমে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট, নিউ জার্সি বা কানেকটিকাটের বৈধ লাইসেন্স এবং ফরমটি পূরণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসকের NPI নম্বর থাকতে হবে। যদি একজন প্রশিক্ষণরত চিকিৎসক ফরম পূরণ করেন, একজন সুপারভাইজারকে (উদাহরণস্বরূপ সহযোগী চিকিৎসক) অবশ্যই স্বাক্ষর করতে হবে। সুপারভাইজারকে অবশ্যই তার লাইসেন্স ও NPI নম্বর সংযুক্ত করতে হবে।
- অর্ডারটি সুনির্দিষ্ট ও স্পষ্টাক্ষরে লিখিত হতে হবে। এতে স্কুল নার্স এটি চিকিৎসাগতভাবে দায়িত্বপূর্ণ উপায়ে পরিচালনা করতে পারবেন।
- কেবল স্কুল চলাকালীন প্রয়োজনীয় সেবার অনুরোধ করুন। বাড়িতে বা স্কুল চলার পূর্বে বা পরে দেয়া যাবে এমন ঔষধের জন্য অনুরোধ করবেন না।
- বিকল্প ঔষধের অনুরোধগুলি ক্ষেত্রবিশেষে পর্যালোচনা করা হবে।
- এপিনেফ্রিন শ্রেণিকক্ষে, কমন রুমে সংরক্ষণ করা যেতে পারে বা শিক্ষার্থীর অ্যালার্জি রেসপন্স প্ল্যান অনুসারে তাদের সাথে পরিবহন করা যেতে পারে।
- শিক্ষার্থীকে যথাসম্ভব স্বয়ংসম্পূর্ণ হতে হবে। স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসককে অবশ্যই নির্ধারণ করতে হবে শিশুটি নার্সের উপর নির্ভরশীল, তদারক করা উচিত কিংবা নিজে নিজে ঔষধ নেওয়ার মতো আত্ম-নির্ভরশীল কি না। মিডল স্কুল ও হাই স্কুলের অধিকাংশ শিক্ষার্থীকে নিজে নিজে ঔষধ নিতে পারার মতো হওয়া উচিত। তাদের উচিত তাদের ঔষধ সনাক্ত করতে পারা, কখন ঔষধ গ্রহণ করতে হবে এবং সঠিক মাত্রা সম্পর্কে জানা। তাছাড়া তাদের তাদের ঔষধের উদ্দেশ্য বোঝা এবং উক্ত ঔষধ না নিলে কী ঘটবে তা বর্ণনা করতে পারা উচিত। আত্ম-নির্ভরশীল শিক্ষার্থীদের সাহায্য ছাড়া ঔষধ বহন ও গ্রহণের অনুমতি দেয়া হয়। আপনি শিক্ষার্থীকে স্কুলে তার ঔষধ বহনের অনুমোদন দিতে পারেন। যে সকল শিক্ষার্থী আত্ম-নির্ভরশীল তাদের জন্য, ফরমের সেই অংশে স্বাক্ষর করুন যে অংশে শিক্ষার্থীদের স্কুলে ও ড্রিপের সময় নিজে নিজে ঔষধ নেয়ার কথা বলা আছে। অন্যথায়, ঔষধ মেডিকেল রুমের ক্যাবিনেটে তালাবদ্ধ করে রাখা হবে। **শিক্ষার্থীদের কখনও নিয়ন্ত্রিত বস্তু বহনের অনুমতি দেয়া হয় না।**

**প্যারেন্ট:**

- এই ফরমগুলি পূরণ করার জন্য অনুগ্রহ করে আপনার সন্তানকে প্রতি বছর স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসকের কাছে নিয়ে যান।
- এই ফরমগুলি প্রতি বছর নতুন স্কুল বর্ষের জন্য 15 জুলাইয়ের মধ্যে আপনার সন্তানের স্কুল নার্সকে দেয়া উচিত। এই তারিখের পরে পাঠানো ফরমের প্রক্রিয়াকরণে দেরি হতে পারে।
- যদি স্কুল নার্স না থাকেন, আপনার সন্তানের ঔষধ দেয়ার জন্য আপনাকে স্কুলে আসতে বলা হতে পারে।
- আপনি যদি স্কুলের মজুদ ঔষধ ব্যবহার করতে চান, আপনাকে অবশ্যই আপনার সন্তানের হাঁপানির ইনহেলার, এপিনেফ্রিন এবং অন্যান্য অনুমোদিত নিজে নিজে নেওয়ার মতো ঔষধ স্কুল ড্রিপের দিন এবং/অথবা স্কুল-পরবর্তী প্রোগ্রামে আপনার সন্তানের সাথে পাঠাতে হবে যাতে সে প্রয়োজনে ব্যবহার করতে পারে। **মজুদ ঔষধ শুধু স্কুলে OSH স্টাফ কর্তৃক ব্যবহারের জন্য।**
- অনুগ্রহ করে ফরমের পেছনের পৃষ্ঠায় স্বাক্ষর করার ব্যাপারে নিশ্চিত হোন যাতে আপনার সন্তান স্কুলে এই সেবাগুলি গ্রহণ করতে পারে।
- ঔষধ ফরমের উপরের বাম কোণায় একটি সাম্প্রতিক ছোট ছবি যুক্ত করুন। তাতে স্কুল আপনার সন্তানকে সঠিকভাবে শনাক্ত করতে পারবে।

আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে শিক্ষার্থীর স্কুল নার্সের সাথে যোগাযোগ করুন। সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।